62

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 01 1999

পৃষ্ঠা ৩ কলাম ২

## কারমাইকেল কলেজে মুক্তিযুদ্ধের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদ

রংপুর সংবাদদাতা ।। কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে নির্মাণাধীন মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'প্রজন্ম' ভাংচুর করার প্রতিবাদে গত বুধবার বিভিন্ন ছাত্র সংগঠন কলেজে মিছিল

( ১১শ পৃঃ দ্রষ্টব্য )

## কারমাইকেল কলেজ

( ৩য় পৃঃ পর )

বাহির করে। কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করায় সেখানে পুলিশ মোতায়েন করা হইয়াছে।

সন্ত্রাস ও সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্রঐক্য গতকাল জেলা প্রশাসক ও পুলিশ সুপারকে স্মারকলিপি প্রদান করিয়াছে। স্মারকলিপিতে তাহারা উল্লেখ করিয়াছে যে, সোমবার গভীর রাত্রে ছাত্র শিবিরের প্রায় শতাধিক সশস্ত্র সন্ত্রাসী শাবল, হাতুড়ী, বল্লম, ছোরা ও আগ্নেয়াস্ত্র লইয়া কলেজের নৈশ প্রহরীদের জিম্মি করিয়া মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'প্রজন্ম' ভাঙ্গিয়া ফেলে। স্মারকলিপিতে এই ঘটনার সাথে জড়িত শিবিরের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার করিয়া দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করা হইয়াছে। অপরদিকে ভাস্কর্য ভাংচুর করায় রংপুর কোতয়ালী থানার ওসি নিজে বাদী হইয়া শিবিরের নামে থানায় মামলা দায়ের করিয়াছেন।

ভাস্কর্য ভাংচুর করায় রংপুরের বিভিন্ন রাজনৈতিক দল ও মুক্তিযুদ্ধের সপক্ষের শক্তি তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করিয়াছে। এই ভাংচুর ঘটনায় কলেজের কিছু শিক্ষকের ইন্ধন আছে বলিয়া নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানান।